




সমাজ কি?

যখন একদল মানুষ বা অনেকগুলো পরিবারের লোকজন একই এলাকায় বাস করে, একজন অন্যজনের সুখ-দুঃখে এগিয়ে আসে, সবাই মিলে নিজেদের সমস্যার মোকাবিলা করে, নিজেদের উন্নয়নের জন্য একসাথে কাজ করে, তখন তাকে সমাজ বলে বা তাদের নিয়ে একেকটি সমাজ গঠিত হয়।

সামাজিক কাঠামো

সমাজের বিভিন্ন স্তরে বিভিন্ন শ্রেণী, পেশার ও ক্ষমতার মানুষ বসবাস করে। এদের কারোর অবস্থান উপরে আবার কারোর অবস্থান নিচে। সমাজের এই ছোট-বড়, ধনী-দরিদ্র অবস্থানকেই বলে সামাজিক কাঠামো। গরিব মানুষ সংখ্যায় অধিক হলেও সম্পদের মালিকানায় এবং ক্ষমতা কাঠামোতে তাদের অংশগ্রহণ খুবই কম। অনুরূপভাবে ধনী লোকের সংখ্যা কম হওয়া সত্ত্বেও সম্পদের মালিকানা এবং ক্ষমতা কাঠামোতে তাদের প্রবেশ সবচেয়ে বেশি।

সামাজিক কাঠামোর চিত্র:






দারিদ্রতা কীঃ

মানুষের মৌলিক চাহিদাগুলো হলো অন্ন, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা, শিক্ষা ইত্যাদি। আর এগুলো যখন একজন ব্যক্তি যোগাতে পারে না, তখন এই অবস্থাকে দারিদ্রতা বলে। দারিদ্রতা মানুষের এমন এক অবস্থা যেখানে মানুষ প্রয়োজনীয় খাবার, পোষাক, আশ্রয়, চিকিৎসা পায় না; মানুষ না খেয়ে থাকে, শিক্ষাবৃত্তি করে এবং অন্যের উপর নির্ভরশীল হয়ে পড়ে।

হত দরিদ্র কারাঃ

হত দরিদ্র তারা যাদের প্রতিদিনের জীবন ধারণের জন্য আয় মাত্র ১.৯০ ডলারের মধ্যে সীমাবদ্ধ থাকে এবং যারা প্রতিদিন শারীরিক চাহিদার ৮০% এর কম যোগাড় করতে পারে। হত দরিদ্র তারাই যাদের প্রতিদিনের আয়ের ৮০ শতাংশই খরচ করে খাবার সংগ্রহের জন্য।





দারিদ্রতার কারন :

- উ পরিবারের আয় কম
- উ বিকল্প আয়ের সুযোগ না থাকা
- উ অদক্ষতা
- উ কাজের সুযোগ কম
- উ পুষ্টিহীনতা
- উ শ্রমের সঠিক মূল্য না পাওয়া
- উ উৎপাদনশীল সম্পদ না থাকা
- উ স্থানীয় সম্পদে প্রবেশাধিকারের সুযোগ না থাকা

দারিদ্রতা থেকে উত্তরনের উপায়ঃ

- উ বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি করা
- উ বিকল্প কাজের সুযোগ সৃষ্টি করা
- উ উৎপাদনশীল সম্পদ বাড়ানো
- উ স্থানীয় সম্পদে প্রবেশাধিকারের মাধ্যমে উন্নয়ন সাধন করা
- উ সঞ্চয় করা
- উ বসতবাড়ীর সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে পারিবারিক আয় বাড়ানো
- উ প্রশিক্ষণের নিয়ে কারিগরী দক্ষতা বাড়ানো





হত-দরিদ্র উন্নয়নয়ন প্রকল্প/ আলদ্রাপুর গ্রাজুয়েশন
মডেল:

গ্রাজুয়েশন মডেল কি?

এটি একটি ২ বছরের সমন্বিত মডেল যা খুবই বঞ্চিত, অবিরত খাদ্য নিরাপত্তাহীন/অপুষ্টিতে আক্রান্ত দারিদ্র সীমার নীচে বসবাসকারী পরিবারের প্রতি লক্ষ্য স্থির করে এবং নিশ্চিত করে যে অতি-ঝুঁকিপূর্ণরা অতি-দারিদ্র সীমা পেরিয়ে স্বনির্ভর হয়েছে।






দারিদ্রতা থেকে উত্তরণের উপায়ঃ

- ঙ বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি করা
- ঙ বিকল্প কাজের সুযোগ সৃষ্টি করা
- ঙ উৎপাদনশীল সম্পদ বাড়ানো
- ঙ স্থানীয় সম্পদে প্রবেশাধিকারের মাধ্যমে উন্নয়ন সাধন করা
- ঙ সঞ্চয় করা
- ঙ বসতবাড়ীর সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে পারিবারিক আয় বাড়ানো
- ঙ প্রশিক্ষণের নিয়ে কারিগরী দক্ষতা বাড়ানো

গ্র্যাজুয়েশন মডেল এর বাস্তবায়ন ধাপঃ

১. লক্ষিত উপকারভোগী নির্বাচন
২. পুষ্টি খাদ্য সহায়তা
৩. সঞ্চয় অভ্যাস গড়ে তোলায় সহায়তা করা
৪. এন্টারপ্রাইজ নির্বাচন ও প্রশিক্ষণ
৫. সম্পদ হস্তান্তর
৬. বাড়ি পরিদর্শন, মেন্টরিং এবং ফলোআপ
৭. আত্মবিশ্বাস তৈরী প্রশিক্ষণ





হত-দরিদ্র উন্নয়ন বৈশিষ্ট্যঃ

১. কমপক্ষে দুইটি পুষ্টিকর সুস্বাদু খাবার খাবে
২. পরিবারের বহু আয়ের উৎস থাকবে (তিনটি)
৩. সম্পদ বেড়ে যাবে (মূল্য মানে দ্বিগুন)
৪. সঞ্চয় বাড়বে
৫. স্যানিটারী পায়খানা ব্যবহার ও নিরাপদ পানি পান করবে

